

# বিজয় দিবস উপলক্ষে আইআইইউসি'র অনুষ্ঠানমালা

মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করেছে। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আলী আজাদী।

দিনব্যাপী অনুষ্ঠানমালার দিন ১৬ ডিসেম্বর ২০১৮ কুমিরায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে সকাল ৭টায় জাতীয় পতাকা উত্তোলন, সকাল ৯টায় বিজয়-শোভাযাত্রা, সকাল ৯টা বিশ মিনিটে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সাড়ে নয়টায় আলোচনা সভা এবং সকাল সাড়ে দশটায় প্রীতি ভলিবল ম্যাচ। আইআইইউসি'র ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন প্রফেসর ড. মুহাম্মদ মাহবুবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠেয় আলোচনা সভায় নির্ধারিত আলোচক হিসাবে বক্তব্য রাখবেন আইআইইউসি'র রেজিস্ট্রার কর্নেল মোহাম্মদ কাসেম পিএসসি (অবঃ), প্রক্টর ড. কাওসার আহমেদ, প্রভোস্ট সিরাজুল ইসলাম এবং স্বাগতঃ বক্তব্য রাখেন স্টুডেন্ট অ্যাফেয়ার্স ডিভিশনের ভারপ্রাপ্ত পরিচালক জনাব মোহাম্মদ মামুনুর রশীদ। বিজয় দিবসের দিনব্যাপী অনুষ্ঠানমালার সকল কর্মসূচীতে আইআইইউসি পরিবারের সকলকে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য যে, উক্ত অনুষ্ঠান উপলক্ষে শহর থেকে যাতায়াতের জন্য প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা থাকবে।